



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ  
গাজীপুর।  
[www.bbagc.edu.bd](http://www.bbagc.edu.bd)

ফোন : ৯২৬২২৯৯  
ফ্যাক্স : ৯২৬২৯১১  
ই-মেইল : [bbacollege@gmail.com](mailto:bbacollege@gmail.com)

তারিখ : ২৬/০৬/২০১৯ খ্রি.

## ২০১৮ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের ২০১৮ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য, মানোন্নয়ন, সার্টিফিকেট কোর্স ও প্রাইভেট পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের পরীক্ষার ফিস ধার্যকৃত টাকা কলেজ ক্যাশ কাউন্টার থেকে রশিদ সংগ্রহ করে পূরণ পূর্বক ক্যাশিয়ারের স্বাক্ষরসহ উত্তরা ব্যাংক, চৌরাস্তা শাখায় জমা দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট ([www.nubd.info/degree-pass](http://www.nubd.info/degree-pass)) থেকে ফরম ডাউনলোড করে টাকা জমার রশিদসহ উক্ত ফরম কমিটির নিকট জমার জন্য নির্দেশ দেওয়া হলো।

\* ফরম পূরণের তারিখ আগামী ২/০৭/২০১৯ খ্রি. তারিখ থেকে ১৫/০৭/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত চলবে।

ক্রমিক নং	বিবরণী	টাকা পরিমাণ
০১	বিএ, বিএসএস ও বিবিএস (নিয়মিত ও অনিয়মিত)	২১০০/-
০২	বিএসসি (নিয়মিত ও অনিয়মিত)	২৮৫০/-
০৩	গ্রেড (একপত্রের জন্য নির্ধারিত)	৯০০/-
০৪	সার্টিফিকেট কোর্স	১৪০০/-

বিদ্রূপ : অতিরিক্ত প্রতিপত্রের জন্য ১০০/- টাকা করে যোগ করতে হবে।

সেশন ফিস : বিএ, বিএসএস, বিবিএস- ১,৮০৯/- এবং বিএসসি- ১,৯০৯/- টাকা।

১। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :

ক) ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত) :

- ২০১৫-১৬ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট যারা ২০১৭ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থী ও পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষ “ইংরেজি” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বন্ধিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত) :

- ২০১৩-১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ ও ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫ ২০১৬ ও ২০১৭ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে কিন্তু ২০১৬ ও ২০১৭ সালে ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষ “ইংরেজি” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ২০১৩-১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৪ ও ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬ ও ২০১৭ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্স/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে যারা অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

গ) ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন) :

- ২০১৭ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এরকম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দুটি কোর্সে মানোন্নয়ন (C গ্রেড, D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নাই।

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) :

- ২০১৫-২০১৬ সালের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেসাব অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অধ্যক্ষের জেরিনা সুলতানা  
(আইডি নম্বর-১৩৩৯)  
অধ্যক্ষ  
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ  
গাজীপুর।